

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০২১.২০১৫- ১৪৬৫

তারিখ : ২০ পৌষ ১৪২২
০৩ জানুয়ারি, ২০১৬


বিষয় : মাদারীপুর জেলার কালকিনি উপজেলার নবগঠিত পূর্ব এনায়েতপুর ইউনিয়ন পরিষদে প্রশাসক নিয়োগ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর পত্র নং-৬০৭, তারিখ : ১৭/১২/২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৮ ধারা অনুসরণে জনাব শরীফ মোঃ ফয়সল, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালকিনি মাদারীপুরকে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার নবগঠিত “পূর্ব এনায়েতপুর” ইউনিয়ন পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

শর্তসমূহ :

- (ক) জনাব শরীফ মোঃ ফয়সল, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালকিনি, মাদারীপুর প্রশাসক হিসেবে নিযুক্তির তারিখ হতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১৮(১) ধারা মোতাবেক ১২০(একশত বিশ) দিনের অধিক সময় দায়িত্বে থাকতে পারবেন না;
- (খ) কোন দৈব-দুর্বিপাকের কারণে এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন করা সম্ভব না হলে সরকার উক্ত মেয়াদ অনধিক ৬০(ষাট) দিন বৃদ্ধি করতে পারবে; এবং
- (গ) উক্ত সময়-সীমার মধ্যে উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহন করতে হবে।


(শরীফা আহম্মেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
মাদারীপুর।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. কম্পিউটার প্রোগ্রামার,
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।